# ভারতের হাইকমিশনারের সঙ্গে বৈঠক করলেন পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা



ছবি: সংগৃহীত

বাংলাদেশ ও ভারতের পারস্পরিক সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার বিভিন্ন বিষয় নিয়ে বৈঠক করেছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার দিনেশ ত্রিবেদী।

সোমবার (৩ আগস্ট) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ইস্যুর পাশাপাশি সাম্প্রতিক কিছু বিষয় নিয়েও মতবিনিময় হয়।

বৈঠকে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত একটি তথ্যের প্রসঙ্গও ওঠে, যেখানে দাবি করা হচ্ছে ভারতে অবস্থানরত শেখ হাসিনা ৫ আগস্ট প্রকাশ্যে বক্তব্য দিতে পারেন।

এ বিষয়ে বাংলাদেশের পক্ষ থেকে জানানো হয়, শেখ হাসিনাসহ কার্যক্রম নিষিদ্ধ কোনো সংগঠনের ব্যক্তি যেন ভারতের ভূখণ্ড ব্যবহার করে বাংলাদেশের বিরুদ্ধে রাজনৈতিক প্রচারণা বা দেশের অভ্যন্তরীণ স্থিতিশীলতা বিঘ্নিত করতে পারে—এমন কোনো কর্মকাণ্ড পরিচালনা করতে না পারেন, সে বিষয়ে ভারতের সহযোগিতা প্রত্যাশা করছে ঢাকা।

পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির বলেন, এ ধরনের তৎপরতা দুই দেশের বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও চলমান সহযোগিতার পরিবেশে বিরূপ প্রভাব ফেলতে পারে।

জবাবে ভারতের হাইকমিশনার বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখার আশ্বাস দেন। তিনি বলেন, বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখা হবে।

বৈঠকের শেষে দুই পক্ষই নিয়মিত সংলাপ, পারস্পরিক আস্থা এবং গঠনমূলক সহযোগিতা বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। তাদের মতে, আলোচনার মাধ্যমেই যেকোনো দ্বিপাক্ষিক বিষয়ে স্থায়ী ও ইতিবাচক সমাধান সম্ভব।

LENS ASIA